

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৮৭৮

তেলিয়ামুড়া, ১৬ ফেব্রুয়ারি, ২০২৪

তেলিয়ামুড়ায় শ্রী পঞ্চমী মেলা

তেলিয়ামুড়া পুর পরিষদের উদ্যোগে গতকাল চিত্রাঙ্গদা কলাকেন্দ্র প্রাঙ্গণে শ্রী পঞ্চমী মেলা অনুষ্ঠিত হয়। মেলার উদ্বোধন করেন বিধানসভার সরকারী মুখ্য সচেতক বিধায়ক কল্যাণী সাহা রায়। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেন, সরকার রাজ্যের বিভিন্ন জনগোষ্ঠীর সংস্কৃতির বিকাশে ব্যাপকভাবে কাজ করছে। অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পুর পরিষদের চেয়ারপার্সন রূপক সরকার ও ভাইস চেয়ারপার্সন মধুসূদন রায়, তেলিয়ামুড়া প্রাইমারি কো-অপারেটিভ সোসাইটি লিমিটেডের চেয়ারম্যান নীতিন কুমার সাহা প্রমুখ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন পুর পরিষদের উপ-মুখ্য কার্যনির্বাহী আধিকারিক অমিত রায় চৌধুরি। অনুষ্ঠানে শিল্পীরা নৃত্য, সংগীত পরিবেশন করেন।
